

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৭২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৯. রুকু-সিজদার সময় নামাযী যা বলবে তার বিবরণ

بَابُ صِفَةُ مَا يَقُولُ الْمُصلِّي عِنْدَ رُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

বাংলা

১২৭২(৯). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর রুকৃতে 'সুব্বুহুন কুদ্বুসুন রব্বুল মালাইকাতি ওয়ার-রূহ' বলতেন (ফেরেশতাগণের ও জিবরীলের প্রতিপালক পবিত্র ও ক্রটিমুক্ত)। অধস্তন রাবী বলেন, আমার নিকট আদ-দাসতাওয়াঈর সহচর হিশাম-কাতাদামুতাররিফ-আয়েশা (রাঃ) সূত্রে হাদীস বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রুকু ও সিজদায় বলতেন। আমি সুলায়মান ইবনে হারবকে বললাম, শো'বা (রহঃ) বলেন, আমার নিকট হিশাম হাদীস বর্ণনা করেন। তিনি (সুলায়মান) বলেন, তিনি (হিশাম) এরূপ বলেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন